



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ৯ মার্চ ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

দিঘীনালায় সন্ত্রাসীদের ব্রাশফায়ারে ইউপিডিএফের এক সদস্য নিহত, আহত-১

ইউপিডিএফের নিন্দা ও প্রতিবাদ, সন্ত্রাসীদের গ্রেফতারের দাবি

খাগড়াছড়ির দিঘীনালা উপজেলার বাবুছড়া রাস্তামাথা এলাকায় আজ ৯ মার্চ রবিবার সকাল সোয়া ৮টার সময় সন্ত্রাসীদের নেতৃত্বাধীন জনসংহতি সমিতির সশস্ত্র সন্ত্রাসীদের ব্রাশ ফায়ারে ইউপিডিএফের এক সদস্য নিহত ও এক সদস্য আহত হয়েছেন। নিহত ইউপিডিএফ সদস্যের নাম সুদৃষ্টি চাকমা। তিনি বাবুছড়ার মগ্যা কার্বারী পাড়ার মৃত নিতাই চাকমার ছেলে। এ ঘটনায় আহত ইউপিডিএফ সদস্যের নাম হুদ্বি চাকমা (৩০)। তিনি বাঘাইছড়ির মডেল টাউনের মৃত শরৎ কার্বারীর ছেলে।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সমন্বয়ক প্রদীপন খীসা এক বিবৃতিতে এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, রবিবার সকালে সুদৃষ্টি চাকমা ও হুদ্বি চাকমা সাংগঠনিক কাজে বাবুছড়ার রাস্তামাথায় বের হন। তারা একটি দোকানে বসে লোকজনের সাথে কথাবার্তা বলছিলেন। এ সময় হঠাৎ করে আগে থেকে গুঁৎ পেতে থাকা সন্ত্রাসীদের সশস্ত্র সন্ত্রাসীরা দোকানে ঢুকে খুব কাছ থেকে তাদেরকে লক্ষ্য করে প্রকাশ্যে ব্রাশ ফায়ার করে। এতে ঘটনাস্থলেই সুদৃষ্টি চাকমা নিহত হন এবং হুদ্বি চাকমা দুই পায়ে গুলিবিদ্ধ হন। আহত অবস্থায় হুদ্বি চাকমাকে উদ্ধার করে খাগড়াছড়ি সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

বিবৃতিতে তিনি, এ ঘটনাকে ন্যায়বিচারজনক ও কাপুরুষোচিত উল্লেখ করে বলেন, পার্বত্য চট্টগ্রামের জুম্ম জনগণের ঐক্য আকাজক্ষাকে নস্যাত করার জন্য সন্ত্রাসী সরকারের বিশেষ এজেন্ডা বাস্তবায়নে তার সশস্ত্র সন্ত্রাসী বাহিনীকে লেলিয়ে দিয়ে এ হত্যাকাণ্ড সংঘটিত করেছে। এর মধ্যে দিয়ে সন্ত্রাসীরা পার্বত্য চট্টগ্রামে আবার খুনের রাজত্ব কায়েম করতে শুরু করেছে।

বিবৃতিতে তিনি সন্ত্রাসীদের প্রতি আস্থান জানিয়ে বলেন, পার্বত্য চট্টগ্রামের জনগণের ঐক্য আকাজক্ষার প্রতি সম্মান দেখিয়ে অচিরেই এ ধরনের ঘৃণ্য খুন-খারাবির রাজনীতি বন্ধ করুন, নইলে জনগণ এর উপযুক্ত জবাব দেবে।

বিবৃতিতে তিনি সুদৃষ্টি চাকমার হত্যাকারী সন্ত্রাসীদের সশস্ত্র সন্ত্রাসীদের গ্রেফতার করে আইনের আওতায় নিয়ে আসার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ